দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 25 FEB 1989
পৃষ্ঠা 1 কলাম 6

13

# বিসিএস সাধারণ শিক্ষা সমিতির ২৩ দফা দাবী পূরণের আহ্বান

(নিজস্ব বার্তা পরিবেশক)

বিসিএস সাধারণ শিক্ষা সমিতি ২৩ দফা দাবী পূরণের জন্য সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছে। সমিতি বলেছে, ১৫দিনের মধ্যে দাবী পূরণ না হলে আন্দোলনের কর্মসূচী গ্রহণ করা হবে।

গতকাল জাতীয় প্রেসক্লাবে আয়োজিত সাংবাদিক সম্মেলনে, সমিতির পক্ষ থেকে একথা ঘোষণা করা হয়। সমিতির সভাপতি অধ্যক্ষা রাশিদা বেগম ও সাধারণ সম্পাদক অধ্যাপক নজরুল ইসলাম মজুমদার সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন। তাঁরা বলেন যে, গত এক বছরের

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## বিসিএস সাধারণ শিক্ষা

(১ম পাতার পর)

বেশী সময় ধরে সমিতির দাবী নিয়মতান্ত্রিক পন্থায় আদায়ের চেষ্টা চলছে এবং এসম্পর্কে মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সাথে আলোচনাও হয়েছে। কিন্তু দাবী পূরণের ব্যবস্থা হয়নি।

সমিতির ২৩ দফা দাবীতে রয়েছে: অনতিবিলম্বে ক্যাডার সিডিউল প্রকাশ; শিক্ষকদের নিয়োগ বিধি প্রণয়ন; অধ্যাপক ও সহযোগী অধ্যাপকের শূন্য পদসমূহ পূরণ; প্রভাষকদের পদোন্নতির ক্ষেত্রে বিভিন্ন সমস্যা দূর করা ও পরীক্ষা ব্যতিরেকে বিভাগীয় পদোন্নতির প্রস্তাব কার্যকর করা; সরকারী কলেজে নতুন পদ সৃষ্টি; শিক্ষা মন্ত্রণালয়ের ৫০ শতাংশ পদ সাধারণ শিক্ষা ক্যাডারের জন্য সংরক্ষিত রাখা প্রভৃতি।

সাংবাদিক সম্মেলনে জানানো হয় যে, দাবী পূরণ না হলে আগামী ১২ই মার্চ সমিতির প্রতিটি ইউনিটে দাবী দিবস পালন, ২৩শে মার্চ আঞ্চলিক সমাবেশ ও ৩০শে মার্চ শিক্ষাভবন ও সচিবালয়ের সামনে শিক্ষক সমাবেশ এবং অবস্থান ধর্মঘট হবে।

# আজ শিক্ষক সমিতির সম্মেলন

আজ শনিবার সকাল দশটায় বাংলাদেশ শিক্ষক সমিতির দু'দিনব্যাপী পঞ্চম জাতীয় সম্মেলন ইঞ্জিনীয়ার্স ইনষ্টিটিউটে অনুষ্ঠিত হবে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিচারপতি কে এম সোবহান এবং সভাপতিত্ব করবেন মোঃ কামরুজ্জামান।

উদ্বোধনী অধিবেশনশেষে দুপুর ১২টায় শিক্ষকদের এক মিছিল এবং সন্ধ্যা সাড়ে ছয়টায় হবে সাংস্কৃতিক অনুষ্ঠান। খবর সংবাদ বিজ্ঞপ্তির।